

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
sadar.sunamganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০৮৯.০০০.২১.০০৬.২১-১৮৫৮

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯

০৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: সুনামগঞ্জ সদর উপজেলার ইনোভেশন টিমের কর্ম পরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি প্রেরণ।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জের আইসটি শাখার স্মারক নং-১৪৬ (১২) তারিখ ১৭/১২/২০১৫ খ্রি.

২। বিভাগীয় কমিশনার সিলেট বিভাগ, সিলেট এর স্মারক নং -১৩৮৯ তারিখ ১২/১২/২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্যাদি 'ছক' মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে প্রদত্ত হলো।

ক্র নং	বিবরণ	
০১	উপজেলা ইনোভেশন টিমের সংখ্যা	০১টি
০২	উপজেলা ইনোভেশন টির কর্মপরিকল্পনার সংখ্যা	০৬ টি
০৩	উপজেলা ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ও প্রত্যাশিত ফলাফল	১। উপজেলা সমাজসেবা কর্তৃক বয়স্কভাতা ও প্রতিবন্ধি ভাতাসহ সকল প্রকার ভাতা মোবাইল ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদান করা হচ্ছে। ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক কোচিং বাণিজ্য বন্ধ করার উদ্যোগ নেয়া হয়েছে এবং প্রতিটি বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে অভিভাবক সমাবেশ করার জন্য উদ্বুদ্ধ করণ করা হয়েছে। ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক বন্যায় দূর্গত মানুষদের ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে। ৪। সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক জনগণের দূরগোড়ায় সেবা প্রদানের লক্ষ্যে অফিসে হেল্পডেস্ক বসানো হয়েছে। ই-নামজারী চালু করা হয়েছে এবং অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় করা হচ্ছে। ৫। উপজেলা কৃষি অফিসার কর্তৃক পরিবেশ বান্ধব খাদ্য উৎপাদন সংরক্ষণ ও বাজারজাতকরণে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে। ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক শিক্ষার মান উন্নয়নে উপজেলাধীন প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয় অনলাইনে পরিদর্শন করা হচ্ছে।
০৪	উপজেলা ইনোভেশন টিমের ২০২২ সালের বার্ষিক পরিকল্পনা	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি স্তরে উপবৃত্তি প্রদানে দারিদ্র শিক্ষার্থীদের যাচাই করণ প্রকল্প বাস্তবায়ন। ২। উপজেলা কৃষি অফিসার কর্তৃক পরিবেশ সুরক্ষায় রাসায়নিক সারের পরিবর্তে কৃষকদের মধ্যে ভার্ম কম্পোস্ট কেঁচো সার তৈরির প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ। ৩। স্বল্প মূল্যে পুষ্টির চাহিদা মিটাতে উপজেলা কৃষি অফিসার কর্তৃক মাশরুম চাষের প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ। ৪। বর্ষাকালে পরিত্যক্ত ভূমিতে ভাসমান পদ্ধতিতে সবজি চাষের প্রশিক্ষণ প্রদান। ৫। ৪র্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলাতে মাধ্যমিক স্কুল ও কলেজে শিক্ষার্থীদের মধ্যে বেসিক প্রোগ্রামিং/কোডিং প্রশিক্ষণ আয়োজন। ৬। বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় দক্ষতা বৃদ্ধির জন্য মাধ্যমিক স্কুলে কুইজ পরীক্ষা আয়োজন।

৫	উপজেলা ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে কিনা?	হ্যাঁ
---	--	-------



৮-৯-২০২২

ইমরান শাহরীয়ার

উপজেলা নির্বাহী অফিসার

ফোন: ০৮৭১-৬১৬৪৩

ইমেইল:

unosunamganj@mopa.gov.bd

জেলা প্রশাসক, সুনামগঞ্জ

দৃষ্টি আকর্ষণঃ সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ